বাংলাদেশ তাঁত বোর্ড
বিটিএমসি ভবন (৫ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.bhb.gov.bd

স্মারক নং: ২৪.০৫.০০০০.৫১১.১১.০০২.২২-১৯৩

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ তাঁত বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা এবং নিম্নলিখিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://bhb.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।:**

| ক্র. নং | পদের নাম ও বেতন স্কেল | গ্রেড | পদ সংখ্যা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|---|
| ১ | মূল্যায়ন কর্মকর্তা [২২,০০০-৫৩,০৬০/-] | ৯ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | পরিসংখ্যানে কমপক্ষে ২য় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রী (সম্মান ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে)। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | হিসাবরক্ষণ কর্মকর্তা [২২,০০০-৫৩,০৬০/-] | ৯ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | কমার্সে স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন প্রতিষ্ঠানে সহকারী হিসাবরক্ষক/ সহকারী অর্থ কর্মকর্তা/ সহকারী নিরীক্ষা কর্মকর্তা হিসাবে কমপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ কমার্সে ডিগ্রী। সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | |
| ৩ | সহকারী লাইব্রেরীয়ান [১২৫০০-৩০,২৩০/-] | ১১ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা অথবা ৩ বৎসরের অভিজ্ঞতাসহ লাইব্রেরী সাইন্সে সার্টিফিকেট কোর্স। | |
| ৪ | ফিল্ড সুপারভাইজার [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ২৮ | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্নাতক ডিগ্রী এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। | |
| ৫ | অফিস সহকারী [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্নাতক ডিগ্রী এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। | |
| ৬ | উচ্চমান সহকারী [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্নাতক ডিগ্রী এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। | |
| ৭ | হিসাব সহকারী [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ০২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্নাতক ডিগ্রী এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। | |
| ৮ | নিরীক্ষক [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | স্নাতক ডিগ্রী এবং প্রার্থীকে কম্পিউটার জ্ঞানসম্পন্ন হতে হবে। | |
| ৯ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর [১১,০০০-২৬,৫৯০/-] | ১৩ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ word processing / Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবেঃ (ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। | |
| ১০ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর [১০,২০০-২৪,৬৮০/-] | ১৪ | ০৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ word processing / Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবেঃ (ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। (খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ। | গাজীপুর, মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, পাবনা, ভোলা, সিরাজগঞ্জ, নাটোর, লালমনিরহাট, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, ঝালকাঠি এবং পটুয়াখালী। তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ১১ | ক্রাফটসম্যান [৯,৩০০-২২,৪৯০/-] | ১৬ | ০২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | তাঁত বুনের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণি পাস। | |
| ১২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক [৯,৩০০-২২,৪৯০/-] | ১৬ | ২০ | | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ word processing /Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবেঃ (ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ। (খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৩ | কম্পিউটার মুদ্রাক্ষরিক [৯,৩০০-২২,৪৯০/-] | ১৬ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ word processing /Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবেঃ<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ।<br>(খ) ইংরেজিঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ১৪ | ক্লার্ক-কাম-টাইপিস্ট [৯,৩০০-২২,৪৯০/-] | ১৬ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস। তৎসহ word processing /Data Entry ও Typing এ নিম্নরূপ গতিসম্পন্ন হতে হবেঃ<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ১৫ শব্দ।<br>(খ) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |
| ১৫ | দক্ষ তাঁতী [৯,৩০০-২২,৪৯০/-] | ১৬ | ০২ | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৮ম শ্রেণি পাসসহ সুতা হইতে কাপড় তৈরি পর্যন্ত বিভিন্ন প্রক্রিয়ায় সম্যক ও বাস্তবজ্ঞান সম্পন্ন হতে হবে। সিএইচপিইডি, নরসিংদী ও বস্ত্র দপ্তরের প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে প্রশিক্ষণার্থী ছাত্র ছাত্রীদের প্রশিক্ষণ দানে সক্ষম হইতে হবে। | |
| ১৬ | অফিস সহায়ক [৮,২৫০-২০,০১০/-] | ২০ | ০৯ | অনূর্ধ্ব ৩০ বৎসর | অষ্টম শ্রেণি পাস। | নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, শেরপুর, কুমিল্লা, নোয়াখালী, পাবনা, সিরাজগঞ্জ, দিনাজপুর, নীলফামারী, ঠাকুরগাঁও, সাতক্ষীরা, বরিশাল, ভোলা, পটুয়াখালী এবং মৌলভীবাজার।<br>তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন। |
| ১৭ | বার্তাবাহক [৮,২৫০-২০,০১০/-] | ২০ | ০৩ | অনূর্ধ্ব ৩০ বৎসর | অষ্টম শ্রেণি পাস। | |
| ১৮ | সাহায্যকারী [৮,২৫০-২০,০১০/-] | ২০ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | অষ্টম শ্রেণি পাস। | |
| ১৯ | নিরাপত্তা প্রহরী [৮,২৫০-২০,০১০/-] | ২০ | ০৫ | অনূর্ধ্ব ৩০ বৎসর | অষ্টম শ্রেণি পাস। | |
| ২০ | পরিচ্ছন্নতাকর্মী [৮,২৫০-২০,০১০/-] | ২০ | ০১ | অনূর্ধ্ব ৩০ বৎসর | অষ্টম শ্রেণি পাস। | |

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ**

১। (ক) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী **এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে** বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(খ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ অনুযায়ী **অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ- এর ক্ষেত্রে** বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/ বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব বা ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব বা ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

২। O' Level এবং A' Level এর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৩। **বাংলাদেশ তাঁত বোর্ডের গত ০৪.০৭.২০১৯ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০২.১৮.৩১০ নং স্মারকমূলে গত ০৭.০৭.২০১৯ খ্রিঃ তারিখে 'বাংলাদেশ প্রতিদিন' এবং 'The Daily Star' পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক 'ফিল্ড সুপারভাইজার', 'নিরীক্ষক', 'সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর', 'সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর', 'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে এবং গত ১৪.০৬.২০১৮ খ্রিঃ তারিখের ২৪.০৫.০০০০.৫১১.১১.০০১.১৮-৮০৯ নং স্মারকমূলে গত**

**১৯.০৬.২০১৮ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক 'বাংলাদেশ প্রতিদিন' এবং 'যুগান্তর' পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে 'নিরাপত্তা প্রহরী (স্থায়ী)' পদে আবেদনকারীদের আবেদন বহাল থাকবে। তাঁদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই এবং উক্ত আবেদনকারীদের প্রবেশপত্র তাঁদের আবেদনে উল্লিখিত ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।**

৪। বয়স (০৩.০৪.২০২৩ খ্রিঃ তারিখে):

(ক) ০৩ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সকল প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক মোতাবেক চাকরি প্রার্থীদের বয়স ২৫ মার্চ ২০২০ খ্রিঃ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলেও প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান, কোটানীতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদপত্র প্রদান করতে হবে।

৮। আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট এবং লাল মুক্তিবার্তায় সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১০। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১১। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়সূচি প্রার্থীদের এসএমএস (SMS) এর মাধ্যমে জানানো হবে এবং বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইট (www.bhb.gov.bd)-এ প্রকাশ করা হবে।

১২। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। চাকরি প্রাপ্তির পরও যে কোন পর্যায়ে তাঁর সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে তাঁকে চাকরি থেকে তাৎক্ষণিকভাবে বরখাস্ত করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫। **অনলাইন (Online)-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bhb.teletalk.com.bd - এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

অনলাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):

| | | |
|---|---|---|
| i) | অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ<br>[উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করেতে হবে।] | ০৩ এপ্রিল ২০২৩ খ্রিঃ<br>সকাল ১০:০০টা। |
| ii) | অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ<br>[উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ ৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জমা দিতে পারবেন।] | ২৭ এপ্রিল ২০২৩ খ্রিঃ<br>বিকাল ৫.০০টা। |

(খ) অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **এসএমএস (SMS) প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান**:

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ০১ নং থেকে ০২ নং ক্রমিকে বর্ণিত

পদের ক্ষেত্রে ৬০০/-(ছয়শত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬৭/-(সাতষট্টি) টাকাসহ সর্বমোট ৬৬৭/- (ছয়শত সাতষট্টি) টাকা; ০৩ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৩৪/-(চৌত্রিশ) টাকাসহ সর্বমোট ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা; ০৪ নং থেকে ১৫ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা ও ১৬ নং থেকে ২০ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

**এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার জন্য নির্ধারিত ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"**

**প্রথম SMS**: BHB<space>**User ID** লিখে Send করতে হবে **16222** নম্বরে।

Example: **BHB ABCDEF**

Reply: Applicant's Name, Tk- 112/- or 223/- or 334/- or 667/- will be charged as application fee. Your PIN is **123456**. To pay fee, Type **BHB**<Space>**Yes**<Space>**PIN** and send to **16222**.

**দ্বিতীয় SMS**: BHB<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে **16222** নম্বরে।

Example: **BHB Yes 12345678**

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for **BHB** Application for post (**xxxxxxxxx)** User ID is (**ABCDEF**) and Password (**xxxxxxxx**).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://bhb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. **User ID** জানা থাকলে: **BHB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to **16222**.
Example: **BHB Help User ABCDEF** & send to **16222**

ii. **PIN** Number জানা থাকলে: **BHB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to **16222**.
Example: **BHB Help PIN 12345678** & send to **16222**.

১৬। নিয়োগ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ তাঁত বোর্ডের ওয়েবসাইটে (**www.bhb.gov.bd**) এবং **https://bhb.teletalk.com.bd** অথবা QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **http://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও নিয়োগ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

১৭। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১, **alljobs.query@teletalk.com.bd** অথবা **director.admin@bhb.gov.bd** এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।
(Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name **'BHB'**, Post Name *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৮। **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯। উপরে বর্ণিত শর্তাবলীর মধ্যে উল্লেখ করা হয়নি কিন্তু প্রযোজ্যতা রয়েছে এমন ক্ষেত্রে বাংলাদেশ তাঁত বোর্ড চাকরি প্রবিধানমালা প্রয়োজনবোধে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

৩০/০৬/২০২৬

(সুকুমার চন্দ্র সাহা)
পরিচালক (প্রশাসন) [অঃদাঃ]
ও
সদস্য সচিব
১ নং ও ২নং নিয়োগ/পদোন্নতি বাছাই কমিটি, বাতাঁবো
ফোনঃ ৫৮১৫২৮৯৮
E-mail: director.admin@bhb.gov.bd